

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১০৬/২০২২-২০২৩
ময়মনসিংহ, ০৮ ফেব্রুয়ারি, বুধবার ২০২৩, ২৫ মাঘ ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। তিন ফসলী জমিতে কোনও ধরণের উন্নয়ন প্রকল্প না করার নির্দেশ প্রধানমন্ত্রীর
- ০২। ভেজাল ওষুধ তৈরি করলে যাবজ্জীবন কারাদন্ডের আইনের খসড়া অনুমোদন
- ০৩। জামালপুরের ইসলামপুরে মুক্তিযোদ্ধা স্মৃতি জাদুঘরের ভিত্তিপ্রস্তর স্থাপন
- ০৪। ৩ দিনব্যাপী কৃষিক্ষেত্র মেলায় উদ্বোধন করেছেন শেরপুর জেলা প্রশাসক
- ০৫। ময়মনসিংহ ট্যাক্সেস বার এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত

০১। তিন ফসলী জমিতে কোনও ধরণের উন্নয়ন প্রকল্প না করার নির্দেশ প্রধানমন্ত্রীর

দেশের তিন ফসলী জমিতে কোনও ধরণের উন্নয়ন প্রকল্প না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সোমবার (০৬ ফেব্রুয়ারি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এই নির্দেশনা দেন তিনি। পরে সচিবালয়ে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর এই নির্দেশনার কথা জানান মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক দেশের খবর, দৈনিক নিউ টাইমস, দৈনিক দিনের পালা, দৈনিক রুদয়ের বাংলা, দৈনিক আজকের বাংলাদেশ ও দৈনিক সবুজ।

০২। ভেজাল ওষুধ তৈরি করলে যাবজ্জীবন কারাদন্ডের আইনের খসড়া অনুমোদন

ভেজাল এবং নকল ওষুধ তৈরি করলে যাবজ্জীবন কারাদন্ডের বিধান রেখে ‘ঔষধ আইন, ২০২২’ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। নতুন আইনে ‘ঔষধ’ এর সঙ্গে ‘কসমেটিকস’ শব্দটিও যোগ করা হয়েছে। আইনটির নতুন নামকরণ ‘ঔষধ এবং কসমেটিকস আইন, ২০২২’ করা হয়েছে। সোমবার (০৬ ফেব্রুয়ারি) প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে আইনটির খসড়া অনুমোদন দেয়া হয়। পরে মন্ত্রিপরিষদ সভাকক্ষে প্রেসব্রিফিংয়ে বিষয়টি জানান মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন। সূত্র: দৈনিক স্বজন, দৈনিক সকালের দুনিয়া।

০৩। জামালপুরের ইসলামপুরে মুক্তিযোদ্ধা স্মৃতি জাদুঘরের ভিত্তিপ্রস্তর স্থাপন

জামালপুরের ইসলামপুরে পলবান্ধা ইউনিয়নের ভাটিপাড়া মুক্তিযোদ্ধা অস্থায়ী ক্যাম্পে মুক্তিযোদ্ধা স্মৃতি জাদুঘর নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন ধর্মপ্রতিমন্ত্রী ফরিদুল হক খান। রবিবার (০৫ ফেব্রুয়ারি) বিকালে প্রতিমন্ত্রী মুক্তিযোদ্ধা জাদুঘর নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেন। স্থানীয় সরকার অধিদপ্তরের বাস্তবায়নে উক্ত মুক্তিযোদ্ধা স্মৃতি জাদুঘর নির্মিত হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

০৪। ৩ দিনব্যাপী কৃষিক্ষণ মেলার উদ্বোধন করেছেন শেরপুর জেলা প্রশাসক

সোমবার (০৬ ফেব্রুয়ারি) সকালে শেরপুর জেলা প্রশাসনের আয়োজনে ডিসি উদ্যান চত্বরে ৩ দিনব্যাপী কৃষিক্ষণ মেলার উদ্বোধন করেছেন শেরপুর জেলা প্রশাসক সাহেলা আক্তার। কৃষি ঋণ মেলার উদ্বোধনী দিনে ৫ জন ঋণ গ্রহীতাকে বিভিন্ন অংকের ঋণের চেক বিতরণ করা হয়। মেলায় ২৪টি সরকারি ও বেসরকারি ব্যাংকের স্টল প্রদর্শন করা হয়েছে। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

০৫। ময়মনসিংহ ট্যাক্সেস বার এসোসিয়েশনের নির্বাচন অনুষ্ঠিত

উৎসবমুখর পরিবেশে ময়মনসিংহ ট্যাক্সেস বার এসোসিয়েশনের কার্যকরী পরিষদ নির্বাচন-২০২৩ ইং অনুষ্ঠিত হয়েছে। সোমবার (০৬ ফেব্রুয়ারি) ট্যাক্সেস বার এসোসিয়েশন মিলনায়তনে সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত বিরতিহীনভাবে এ ভোটগ্রহণ চলে। ১১৮ জন ভোটারের মধ্যে ১১১ জন ভোট প্রদান করেন। নির্বাচনে আয়কর আইনজীবী ঐক্য পরিষদের সভাপতি পদে বেসরকারিভাবে নির্বাচিত হয়েছেন মো. রুহুল আমিন ভূঞা এবং সাধারণ সম্পাদক পদে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন খন্দকার ওয়াহিদুজ্জামান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক হৃদয়ের বাংলা ও দৈনিক দেশের খবর:** নানা কারণে পরিবেশ দূষণ সমস্যা প্রকট আকার ধারণ করায় মানবসভ্যতা আজ চরম হুমকির মুখে। তাই শিল্পায়নের অগ্রগতি বজায় রেখেই বিশ্ববাসীকে দূষণ মুক্ত পরিবেশ গড়তে জোরালো ভূমিকা রাখতে হবে।
- (খ) **দৈনিক স্বজন:** নিপাহ ভাইরাসের সংক্রমণ বাড়ছে। দেশে সাধারণত শীতকালে নিপাহ সংক্রমণ দেখা যায়। আমরা করোনার মতো ভয়াবহ ভাইরাস প্রতিরোধে অনেকটাই সফল হয়েছি। তাই নিপাহ ভাইরাস প্রতিরোধেও কার্যকর পদক্ষেপ নিতে হবে, একযোগে কাজ করতে হবে।
- (গ) **দৈনিক স্বদেশ সংবাদ:** মহান ভাষা আন্দোলনের চেতনাকে সমুজ্জ্বল রেখে ‘অমর একুশে বইমেলা’ বাংলা ভাষা, সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্যের ধারক-বাহক হয়ে উঠবে, এটাই বিশ্বাস।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। জনস্বাস্থ্যে ও নির্মল বায়ু নিশ্চিত করা হোক – জান্নাতুল শিফা সম্পা (দৈনিক নিউ টাইমস, দৈনিক সকালের দুনিয়া, দৈনিক দিনের পালা, দৈনিক হৃদয়ের বাংলা ও দৈনিক দেশের খবর)
- ০২। গ্যাসের লাফ: বিদ্যুতের ফাল- মোস্তফা কামাল (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। কলকাতা ও ঢাকায় বই পার্বনের ইতিবৃত্ত- অমিত গোস্বামী (দৈনিক সবুজ)

#